



## বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা  
www.bmeb.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ,  
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.২৭.০০৫.২৩.৫০৬৩

২০ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ০৪ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

**বিষয়: অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, হবিগঞ্জ জেলার নবীগঞ্জ উপজেলাধীন কসবা ইসলামিয়া দাখিল মাদ্রাসার সুপার বিদ্যমান ম্যানেজিং কমিটির সভাপতি জনাব আবদুল হকের বিরুদ্ধে দুর্নীতি সম্পর্কিত বিভিন্ন বিষয়ে উল্লেখ পূর্বক অভিযোগ পত্র দাখিল করেছেন।

এমতাবস্থায়, অভিযোগের বিষয়ে সরেজমিন তদন্তপূর্বক সুস্পষ্ট মতামতসহ একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৪-০৩-২০২৪  
প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান  
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) ও রেজিস্ট্রার  
chairman@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার, নবীগঞ্জ, হবিগঞ্জ।

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.২৭.০০৫.২৩.৫০৬৩/১(৬)

২০ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ০৪ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। জেলা প্রশাসক, হবিগঞ্জ;
- ২। জেলা শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত), জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, হবিগঞ্জ;
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, নবীগঞ্জ, হবিগঞ্জ;
- ৪। সভাপতি, ম্যানেজিং কমিটি, কসবা ইসলামিয়া দাখিল মাদ্রাসা, নবীগঞ্জ, হবিগঞ্জ ;
- ৫। সুপার/ভারপ্রাপ্ত সুপার, কসবা ইসলামিয়া দাখিল মাদ্রাসা, নবীগঞ্জ, হবিগঞ্জ এবং
- ৬। জনাব মোঃ শামসুজ্জামান মৌজুদী, (অভিযোগকারী), সুপার, কসবা ইসলামিয়া দাখিল মাদ্রাসা, নবীগঞ্জ, হবিগঞ্জ।



সকল সংযুক্তিসমূহ:  
(১) অভিযোগ-01

A handwritten signature in black ink, appearing to read 'Maz' or similar, enclosed in a simple rectangular box.

০৪-০৩-২০২৪  
মোঃ ওমর ফারুক  
উপ রেজিস্ট্রার



# কসবা ইসলামিয়া দাখিল মাদ্রাসা

স্থাপিত : ১৯৯৫ খ্রি.  
দিঘলবাক, নবীগঞ্জ, হবিগঞ্জ। মোবাইল: ০১৭১৫-১৪০৬৫১

পোস্ট কোড : ৩৩৭৮  
মাদ্রাসা কোড : ২০৫৬০  
ইন নং- ১৩১৮০৫

সূত্র : ৫৩৫৮৮-২০২৪/০৫

তারিখ : ২২-০২-২০২৪

বরাবর,

রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,  
ঢাকা।

বিষয়ঃ অযোগ্য দুর্নীতিবাজ সভাপতির অপসারণ করণ প্রসঙ্গে।


মহাত্মন,

যথাবিহীত সম্মান পূর্বক বিনীত নিবেদন আমি নিম্ন স্বাক্ষরকারী অত্র প্রতিষ্ঠানে ২০০৬ ইং সাল হইতে সুপার পদে বিনা বেতনে/অর্থ বেতনে কর্মরত। উক্ত প্রতিষ্ঠানের প্রথম অনুমতি, একাডেমিক স্বীকৃতি, এমপিও ভুক্তির কাজসহ প্রতিষ্ঠানের সকল অফিসিয়াল কাজকর্ম ও উন্নয়ন কার্যক্রম সৃষ্ট ও সুন্দর ভাবে করে আসছি। এরই মধ্যে অযোগ্য দুর্নীতিবাজ সভাপতি জনাব আব্দুল হক তিনি বোর্ডের নিয়ম-নীতির তোয়াক্কা না করে সেচ্ছাচারিত ভাবে মাদ্রাসার অর্থ আত্মসাৎসহ নিম্নে দুর্নীতির বিবরণঃ-

- ১। মাদ্রাসার ভর্তি ফি টাকা, ভূমির বাৎসরিক জমা, শেভরন কর্তৃক প্রাপ্ত পুরান কাঠ বিক্রির টাকা, পরীক্ষার ফিসহ অন্যান্য দেশী বৈদেশিক চাঁদার টাকা ব্যাংকে জমা না রেখে হিসাব না দিয়ে আত্মসাৎ হিসাব চাইলে হুমকি দেয়া।
- ২। দৈনিক হাজিরা খাতা তার ছেলেকে দিয়ে রাত ১২ ঘটিকার সময় সহ সুপার কে পুলিশি কায়দায় তার নিজ বাড়িতে নিয়ে আটকে রাখা।
- ৩। শিক্ষকগনকে দালাল বলে গালি গালাজ করা।
- ৪। শেভরনের বৃত্তির টাকা প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর জাল করে উত্তোলন করা।
- ৫। জাল সার্টিফিকেট ধারী শিক্ষক মিজানুল্লাহ সিদ্দিকীর পক্ষ অবলম্বন করে তাকে দিয়ে মাদ্রাসার পরিবেশ ধ্বংস করা।
- ৬। NTRC শিক্ষক পাওয়ার জন্য শূন্য পদে শিক্ষক চাওয়া ক্ষেত্রে সভাপতির জাতীয় পরিচয়পত্র ও ছবি না দেওয়ায় নির্ধারিত সময়ে আবেদন করা যায়নি।
- ৭। বিদেশী শিক্ষকগনের থাকা খাওয়ার ব্যবস্থা না নিয়ে তিরস্কার করা।
- ৮। কমিটির বাহিরের লোকজন কে নিয়ে মাদ্রাসার বিরুদ্ধে ধ্বংসের ষড়যন্ত্র করা।
- ৯। সুপার সাহেবকে অপমান করার হুমকি প্রদান। তথা মিথ্যা অভিযোগ করা।
- ১০। জাল সনদধারী শিক্ষক মিজানুল্লাহ সিদ্দিকি কে দিয়ে সহকারী মৌলভী মাওঃ বজলুর রহমান ও সহকারী শিক্ষক গণিত জনাব হাবিবুর রহমানকে মারপিঠ করানো।
- ১১। শিক্ষকগনের বিল বেতনের স্বাক্ষর দিতে অভিমান করা।

অতএব, মহোদয় সমীপে আকুল আবেদন এই যে, উপরোক্ত বিষয়াদি বিবেচনা পূর্বক অত্র মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি আব্দুল হক কে অপসারণ করে উপজেলা নির্বাহী কর্মকর্তা, নবীগঞ্জকে সভাপতির দায়িত্ব প্রদানের মাধ্যমে প্রতিষ্ঠানটি ধ্বংসের হাত থেকে রক্ষার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে আপনার সু-মর্জি কামনা করছি।

বিনীত নিবেদক

  
(মোঃ শামসুজ্জামান মৌজুদা)

সুপার

কসবা ইসলামিয়া দাখিল মাদ্রাসা  
নবীগঞ্জ, হবিগঞ্জ।